51

তারিখ 31 JUL 1997
পৃষ্ঠা ৬ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষ

ময়মনসিংহ উত্তর ও দক্ষিণ সংবাদদাতা ॥ গতকাল (সোমবার) রাত্রে কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ (শা-পা)-এর দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও গুলী বিনিময়ে তিনজন ছাত্র আহত হয়। এই সময় ব্যাপক বোমাবাজি ও ধাওয়া-পাল্টা-ধাওয়া চলে। জানা যায়, সোমবার রাত্রে বিশ্ববিদ্যালয়ের জয়নুল আবেদীন মিলনায়তনে এক সাংস্কৃতিক অনুষ্ঠান চলাকালে ছাত্রলীগের বিশ্ব-

( ৫ম পৃঃ দ্রঃ )

## কৃষি বিশ্ববিদ্যালয়ে

(৩য় পৃঃ পর)

বিদ্যালয় শাখার সভাপতি সালাম গ্রুপ ও সহ-সভাপতি আরিফ গ্রুপ মিলনায়তনের দুইদিকে অবস্থান করিতেছিল। আরিফ গ্রুপ মিলনায়তন ত্যাগ করিয়া টিএসসিতে চলিয়া গেলে সালাম গ্রুপের কর্মীরা তাহাদের উপর পিছন হইতে ৩ রাউণ্ড গুলী-বর্ষণ করে। আরিফ গ্রুপের কর্মীরা দৌড়াইয়া জব্বারের মোড়ে সংগঠিত হইয়া সালাম গ্রুপের মুখোমুখি হয়। এই সময় উভয় গ্রুপের মধ্যে কিছুক্ষণ ধাওয়া পাল্টা ধাওয়া চলে। এক পর্যায়ে সালাম গ্রুপ নাজমুল হাসান হলে এবং আরিফ গ্রুপ টি এস সিতে অবস্থান নেয়। এই সময় উভয় গ্রুপের মধ্যে অর্ধশতাধিক রাউণ্ড গুলী বিনিময় হয়। এই সময় ক্যাম্পাসে অবস্থানরত পুলিশ নীরব দর্শকের ভূমিকা পালন করে। পরে আরিফ গ্রুপ সোহরাওয়ার্দী হল এবং সালাম গ্রুপ সামসুল হক হলে অবস্থান নেয়। সাধারণ ছাত্র ছাত্রীদের মধ্যে এই সময় আতঙ্কের সৃষ্টি হয় এবং তাহারা নিরাপদ স্থানে আশ্রয় নেয়। পরে পুলিশের হস্তক্ষেপে অবস্থা নিয়ন্ত্রণে আসে। বর্তমানে থমথমে অবস্থা বিরাজ করিতেছে। উল্লেখ্য, গত ১৬ই জুন ছাত্রলীগের আরিফ গ্রুপের ৩ জন কর্মী বহিষ্কারকে কেন্দ্র করিয়া দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ ও গুলী বিনিময় হওয়ার পর হইতে বিরোধ ও উত্তেজনা চলিতেছে।